



ফুলবাড়ি (দিনাজপুর) : উন্নত শিক্ষাদান পদ্ধতির অডিও কন্ট্রোল কনসোল মেশিন

ফুলবাড়িতে বিপুল অঙ্কের উন্নত শিক্ষা উপকরণ অডিও কন্ট্রোল কনসোল মেশিনগুলো নষ্ট হয়ে যাচ্ছে

ফুলবাড়ি (দিনাজপুর) থেকে সংবাদ-
 মাতা : ফুলবাড়ি উপজেলার বিভিন্ন উচ্চ
 বিদ্যালয়ে সরবরাহকৃত লক্ষাধিক টাকা
 মূল্যের আধুনিক পদ্ধতিতে শিক্ষাদানের
 উপকরণ অডিও কন্ট্রোল কনসোল
 মেশিনগুলো ব্যবহার না করার নষ্ট হয়ে
 যাচ্ছে।

জানা গেছে, সেকেন্দ্রে শিক্ষা পদ্ধতির
 আমূল পরিবর্তনের লক্ষ্যে ১৯৮১-৮২ সালে
 তৎকালীন সরকার জাপান সরকারের
 অনুদানে এবং শিক্ষা বিভাগের ফ্যাসিলিটিজ
 বিভাগের সহযোগিতায় দেশের বিভিন্ন
 জেলা এবং থানার উচ্চ বিদ্যালয়ে এসব
 অডিও কন্ট্রোল কনসোল মেশিন সরবরাহ
 করে। এই অডিও কন্ট্রোল কনসোল
 মেশিনের সুবিধা একজন শিক্ষকের কোন
 নির্দেশনা বা উপস্থাপনা এক সময়ে অডিও
 পদ্ধতিতে সব শ্রেণীকক্ষে ছাত্রছাত্রী তনতে
 পারবে এবং মেশিনের সাহায্যে ছাত্রছাত্রীরা
 দেশ- বিদেশের শিক্ষা ব্যবস্থাসহ বিভিন্ন
 দেশের সংস্কৃতি সম্পর্কেও জানতে পারবে।
 এসব অডিও কন্ট্রোল কনসোল মেশিনগুলো
 ফুলবাড়ি উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে
 সরবরাহের পর থেকে মেশিন চালানোর
 জন্য কোন শিক্ষক কিংবা কোন জনবল
 শিক্ষা প্রতিষ্ঠানে না থাকায় মেশিনগুলো
 যথাযথ ব্যবহার না করে ফেলে রাখার
 কারণে তা নষ্ট হয়ে যাচ্ছে। ফুলবাড়ির
 তিনটি বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, এই
 মেশিনের বিভিন্ন শ্রেণীকক্ষে স্থাপন করা
 উন্নত মানের সাউন্ড বক্সগুলো কে বা করা

খুলে নিয়ে গেছে এবং মেশিনের অনেক
 যন্ত্রাংশও নেই। উপজেলার কতটি
 বিদ্যালয়ে এই ধরনের অডিও কন্ট্রোল
 কনসোল মেশিন আছে এ বিষয় উপজেলা
 শিক্ষা দপ্তরেও কোন তথ্য নেই। এসব
 অডিও কন্ট্রোল মেশিনের মূল্য সম্পর্কে
 যোজা নিতে গেলে বিদ্যালয়ের এক প্রধান
 শিক্ষক জানান, সঠিক মূল্য জানা নেই,
 তবে প্রতিটি মেশিনের মূল্য প্রায় ৫ লাখ
 টাকা বলে তিনি জানিয়েছেন।